কালের কণ্ঠ

তারিখ ... 14 DEC 2017 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪ ...



রাজধানীর উপকণ্ঠ সাভারে বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে গতকাল অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ১২তম সমাবর্তনে শিক্ষার্থীদের মধ্যে সনদ ও পদক বিতরণ করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ছবি : কালের কণ্ঠ

### ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন

# শিক্ষাদান পদ্ধতি যুগোপযোগী করার আহ্বান শিক্ষামন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক, সাভার (ঢাকা)** ▷

শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করার আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল বুধবার রাজধানী ঢাকার উপকণ্ঠ সাভারে বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত ১২তম সমাবর্তনে প্রধান অতিথির বক্তৃতায় এ আহ্বান জানান তিনি।

শিক্ষমন্ত্রী বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার শিক্ষা খাতে পরিবর্তনের লক্ষ্যে যুগান্তকারী সিদ্ধান্ত নিয়েছে। যার ফলে শিক্ষাক্ষেত্রে ব্যাপক পরিবর্তন এসেছে। শিক্ষা খাতে সবাইকে ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণে সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে। শিক্ষার পরিবেশ নিশ্চিত করা এবং মান উন্নয়ন অবশ্যই গুরুত্বপূর্ণ বিষয়। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান স্যার ফজলে হাসান আবেদ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সৈয়দ সাদ আন্দালিব বক্তব্য দেন। সমাবর্তন বক্তা ছিলেন আলোকচিত্রশিল্পী ড. শহীদুল আলম।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার গুণগত মান বৃদ্ধি এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। মান বৃদ্ধির জন্য উন্নত পরিবেশ নিশ্চিত করা যেমন প্রয়োজন, তেমনি আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং আধুনিক শিক্ষাদান পদ্ধতিও রপ্ত করতে হবে। বৈজ্ঞানিক, প্রযুক্তিগত ও তথ্যবিপ্লবের সুযোগ গ্রহণ করে যুগোপযোগী মানবসম্পদ গড়ে তুলতে হবে।

মন্ত্রী বলেন, ব্র্যাক বিশ্ববিদ্যালয় খুব অল্প সময়ে মান অর্জন করতে পেরেছে। যেসব বিশ্ববিদ্যালয় পিছিয়ে আছে, তারা এই বিশ্ববিদ্যালয়কে দেখে উদ্বুদ্ধ হতে পারে।

অধ্যাপক আব্দুল মান্নান বলেন, 'শিক্ষা নিয়ে যারা বাণিজ্য করছে তাদের ব্যাপারে মনিটরিং জোরদার করেছি। একটি বিশ্ববিদ্যালয়ের কাজ কেবল ডিগ্রি দেওয়া নয়, এ কথা মনে রাখতে হবে।' এবারের সমাবর্তনে এক হাজার ৫৯৮ জন গ্র্যাজুয়েটকে সনদপত্র প্রদান করা হয়। এ ছাড়া সেরা ফলের জন্য দুজন শিক্ষার্থীকে চ্যান্সেলর স্বর্ণপদক ও ৩০ জন শিক্ষার্থীকে ভাইস চ্যান্সেলর স্বর্ণপদক দেওয়া হয়।

উল্লেখ্য, ১৯৯২ সালের বেসরকারি বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের আওতায় ২০০১ সালে প্রতিষ্ঠিত হয় ব্র্যাক বিশ্ববিদ্যালয়।